

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৮৬

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৭, হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মেলামেশা করা

بَابِ مُبَاشَرَةِ الْحَائِض

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عِمْرَانَ الْجَوْنِيِّ عَنْ يَزِيدَ بْنِ بَابَنُوسَ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَوَشَّحُنِي وَأَنَا حَائِضٌ وَيُضِيبُ مِنْ رَأْسِي وَبَيْنَهُ تَوْبٌ

বাংলা

১০৮৬. ইয়াযীদ ইবনু বাবানূস থেকে বর্ণিত, তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণনা করেন যে, আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেছেন, আমি হায়িযগ্রস্ত থাকা অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে জড়িয়ে ধরতেন এবং আমার মাথায় আদর করতেন। তখন আমার ও তাঁর মাঝে কেবল একটি কাপড় থাকতো।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ((মুসনাদে আহমাদ ৬/১৮৭ নং ২৫৫৮৩)); আবু দাউদ তায়ালিসী ১/৬২ নং ২৩৮; বাইহাকী ১/৩১২; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৪৮৭; পূর্ণ তাখরীজের জন্য দেখুন ১০৭৭, ১০৭৮, ১০৮৭, ১০৮৮ (অনুবাদে ১০৭১, ১০৭২, ১০৮২) নং হাদীসগুলি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন